

ডিন

সামাজিক বিজ্ঞান অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোন : ৯৬৬১৯০০/৪৩৫২, ৫৮৬১৩৭৩৮

ফ্যাক্স : ৮৮০-২-৯৬৬৭২২২



Dean

Faculty of Social Sciences

University of Dhaka

Dhaka-1000, Bangladesh

Phone : 9661900/4352, 58613738

Fax : 880-2-9667222

E-mail : dean.fss.du@gmail.com

তারিখ : ১২ ডিসেম্বর, ২০১৮

‘ঘ’ ইউনিট ভর্তি: ২০১৮-২০১৯

ভর্তির চূড়ান্ত তালিকা প্রকাশ ও ভর্তির বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ‘ঘ’-ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগ/ইনস্টিটিউটসমূহে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের Subject Choice Form-এ লিপিবদ্ধ পছন্দের ক্রমানুসারে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউটের নির্ধারিত আসনে ভর্তির জন্যে মনোনীত ছাত্র-ছাত্রীদের **চূড়ান্ত তালিকা** প্রকাশ করা হলো। শিক্ষার্থীগণ অনলাইনে **লগইন** করে শুধুমাত্র নিজের প্রাপ্ত বিভাগ দেখতে পারবে।

ইতিপূর্বে ৯ ও ১০ ডিসেম্বর অনুষ্ঠিত সাক্ষাৎকারের পর আসন খালি সাপেক্ষে কিছু শিক্ষার্থীর বিষয় পরিবর্তিত হয়েছে। পছন্দক্রম অনুসারে সর্বশেষ মেধাক্রমধারী **বিজ্ঞান-১২০৭** (কিছু কিছু বিভাগের শর্তের কারণে ১২৩২ পর্যন্ত বিভাগ পেয়েছে, আরবি বিভাগ পেয়েছে ২৮৭৩ পর্যন্ত), **ব্যবসায় শিক্ষা-৪২০** (কিছু কিছু বিভাগের শর্তের কারণে ৪৩৩ পর্যন্ত বিভাগ পেয়েছে) ও **মানবিক-৬৭** পর্যন্ত বিভাগ পেয়েছে। প্রথম ও দ্বিতীয় তালিকা মিলে একটি চূড়ান্ত তালিকা করা হয়েছে। বর্তমানে আর কোন আসন খালি নেই। পরবর্তী সময়ে আসন খালি হলে (কোন শিক্ষার্থী ভর্তি না হলে) দ্বিতীয় সাক্ষাৎকারের মাধ্যমে মেধাক্রমানুযায়ী ভর্তির সুযোগ হতে পারে। দ্বিতীয় সাক্ষাৎকারের নোটিশটি আনুমানিক **জানুয়ারি, ২০১৯-এর ৩য় সপ্তাহে** দেয়া হতে পারে।

প্রার্থীর করণীয় ও গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- ১। প্রকাশিত চূড়ান্ত তালিকা অনুযায়ী মনোনীত বিভাগে ভর্তির জন্যে যোগাযোগের তারিখঃ **২৩/১২/২০১৮ (রবিবার)**। তবে ভর্তির তারিখ স্ব-স্ব বিভাগ নির্ধারণ করবে। **২৩ - ২৭ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে ভর্তি সম্পন্ন করতে হবে।** ক্লাস গুরুত্বপূর্ণ সন্ধ্যা তারিখ ০১ জানুয়ারি ২০১৯।
- ২। বিভাগে যাওয়ার সময় মনোনীত বিভাগের পৃষ্ঠাটি অনলাইন থেকে প্রিন্ট করে নিয়ে যেতে হবে এবং বিভাগে জমা দিতে হবে। ভর্তি হতে কি কি ডকুমেন্টস প্রয়োজন হবে, তা বিভাগ নির্ধারণ করবে। ভর্তির নিয়মাবলী ও ভর্তি-ফি স্ব-স্ব বিভাগ থেকে জেনে নিতে হবে।
- ৩। ভর্তি হওয়ার ১৫ দিনের মধ্যে বিভাগ পরিবর্তনের একটি নোটিশ দেয়া হবে। ভর্তি হওয়ার পর যারা বিভাগ পরিবর্তন করতে ইচ্ছুক, তাদেরকে বিভাগ ও হলের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। নোটিশটি অনলাইন/সামাজিক বিজ্ঞান অনুষদের নোটিশ বোর্ড/ বিভাগের নোটিশ বোর্ডে দেয়া হবে।
- ৪। থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ (নাট্যকলা) বিভাগে-১০টি, সংগীত বিভাগে-৩০টি ও নৃত্যকলা বিভাগে-২০টি আসন খালি আছে। আগামী ১৮, ১৯ ও ২০ ডিসেম্বর ২০১৮ তারিখ সাক্ষাৎকার নেয়া হবে। নোটিশটি ১৩/১২/২০১৮ তারিখে অনলাইনে দেয়া হবে।
- ৫। বিভিন্ন কোটায় আবেদনকারী ভর্তিচ্ছু প্রার্থীদের সাক্ষাৎকারের সময়সূচী ডিসেম্বরের শেষ সপ্তাহে অনলাইনের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

সাদেকা হালিম -

অধ্যাপক ড. সাদেকা হালিম

ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়